

## এনভিআর

১. এনভিআর এর জন্য পৃথক কোন ফরম আছে কিনা ?

উত্তর: না, আবেদনকারীকে ভিসা ফরম এবং এর এনভিআর অংশ পূরণ করতে হবে।

২. এনভিআর আবেদনকারীকে কি কি কাগজপত্র দাখিল করতে হবে ?

উত্তর: ক) কমপক্ষে ছয় মাসের বৈধতাসহ মূল পাসপোর্ট।

খ) অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের কপি।

গ) বাংলাদেশি নাগরিকত্বের প্রমাণপত্র যেমন, বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।

### বাংলাদেশি ব্যক্তিদের বিদেশে জন্মগ্রহণকারী সন্তানদের ক্ষেত্রে:

বৈদেশিক জন্মনিবন্ধনের সত্যায়িত কপি, পিতা / মাতার বৈধ/ মেয়াদোত্তীর্ণ বাংলাদেশি পাসপোর্টের সত্যায়িত কপি অথবা পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র অথবা পিতা/মাতার জন্ম নিবন্ধন সনদ।

### বিদেশি স্ত্রী/স্বামীর ক্ষেত্রে:

বিবাহের সত্যায়িত সনদপত্র, বাংলাদেশি স্বামী/স্ত্রীর সত্যায়িত বৈধ/ মেয়াদোত্তীর্ণ বাংলাদেশি জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদ।

ঘ) এনভিআর ফি প্রদানের প্রমাণপত্র,

ঙ) সম্প্রতি তোলা দুই কপি ছবি,

চ) ডাকে পাঠানোর ক্ষেত্রে অর্থ পরিশোধিত ও ঠিকানা লেখা ফেরত খাম।

৩. এনভিআর ইস্যু করার প্রক্রিয়া সম্পাদনে কত দিন সময় লাগে ?

উত্তর: পাঁচ কর্মদিবস, তবে অনুমতির জন্য বাংলাদেশে পাঠানোর প্রয়োজন হলে এ সময় দীর্ঘায়িত হতে পারে।

৪. সাধারণত: কোন কোন ক্ষেত্রে অনুমতির জন্য বাংলাদেশে পাঠানো হয় ?

উত্তর: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ব্যতীত অন্যান্য দেশের পাসপোর্টধারী বাংলাদেশি/ তাদের স্বামী বা স্ত্রী/ সন্তানদের এনভিআর ইস্যুর ক্ষেত্রে পুলিশ ক্রিমিনালসের জন্য ঢাকায় পাঠানোর প্রয়োজন হয়।

৫. এনভিআর ফি কত ?

উত্তর: ৭০ অস্ট্রেলিয়ান ডলার

৬. এনভিআর ফি কিভাবে প্রদান করতে হয় ?

উত্তর: এনভিআর ফি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত লিংক অনুসরণ করুন:

<https://www.bhcanberra.com/consular-services/modes-of-payments>

৭. এনভিআর আবেদনকারীর জন্য ব্যক্তিগত সাক্ষাৎকার বাধ্যতামূলক কিনা ?

উত্তর: না, এনভিআর আবেদনকারীর ব্যক্তিগত সাক্ষাৎকার বাধ্যতামূলক নয়। তবে কনস্যুলার অফিসার প্রয়োজন মনে করলে ব্যক্তিগত সাক্ষাৎকার বা অতিরিক্ত তথ্য/কাগজপত্র দাখিল করতে বলতে পারেন।

৮. এনভিআর ফি ফেরতযোগ্য কিনা ?

উত্তর: না, এনভিআর আবেদন গ্রহণ করা হলে বা ইস্যুর কার্যক্রম শুরু করা হলে এনভিআর ফি ফেরত দেওয়া হয় না।